# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২২৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জুমু‘আয় উপস্থিত হবে, তার জন্য গোসল করা ফরয নয়, এই ব্যাপারটি স্পষ্টকারী দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِأَنَّ الِاغْتِسَالَ لِلْجُمُعَةِ غَيْرُ فَرْضٍ عَلَى مَنْ شَهِدَهَا

---

আরবী

1228 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ تَوَضَّأَ يَوْمَ الْجُمُعَةِ فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ أَتَى الْجُمُعَةَ فَدَنَا وأنصت واستمتع غَفَرَ اللَّهُ لَهُ مَا بَيْنَهُ وَبَيْنَ الْجُمُعَةِ الْأُخْرَى وَزِيَادَةُ ثلاثة أيام)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1228 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১২২৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি জুমু‘আর দিন উত্তমরূপে ওযূ করে, তারপর জুমু‘আয় আসে এবং ইমামের কাছাকাছি আসে, চুপ থাকে ও মনযোগের সাথে খুতবা শ্রবণ করে, তবে আল্লাহ তার মাঝে এবং আগামী জুমু‘আর মাঝের এবং অতিরিক্ত আরো তিনদিনের (গোনাসসমূহ) ক্ষমা করে দিবেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৫৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৯৭; সহীহ মুসলিম: ৮৫৭; ইবনু মাজাহ: ১০৯০; মুসনাদ আহমাদ: ২/৪২৪; আবূ দাউদ: ১০৫০; তিরমিযী: ৪৯৮; সুনান বাইহাকী: ৩/২২৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১০৫৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।

আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৭১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন